যায়যায়দিন

11 JUN 2007

পৃষ্ঠা ৬ কলাম ৪

# ১৬ বছরের নিচের ছাত্রদের পরীক্ষা নিষিদ্ধ করার সুপারিশ

অবজারভার অনলাইন

বৃটেনের শিক্ষা সংক্রান্ত এক কমিটি বলেছে, ১৬ বছরের নিচে ছাত্রদের সব পরীক্ষা নিষিদ্ধ করা উচিত। কেননা অতিরিক্ত পরীক্ষার চাপ ছাত্রদের ভয়াবহ মানসিক চাপে ফেলে দেয়। এর ফলে ব্যাপক হারে ড্রপ আউট (স্কুল ছেড়ে যাওয়া) হয়। দি জেনারেল টিচিং কাউন্সিলের গবেষণায় এ পরামর্শ দেয়া হয়েছে।

এ গবেষণাপত্রটি হাউস অফ কমনস এডুকেশন কমিটির কাছে উপস্থাপন করা হয়েছে।

কাউন্সিল বলেছে, ইংল্যান্ড এবং ওয়েলসের শিশু-কিশোর শিক্ষার্থীরা সবচেয়ে বেশি পরীক্ষার চাপে আতঙ্কিত। তাদের ১৬ বছরের আগে প্রায় ৭০টি পরীক্ষা দিতে হয়। ১১ থেকে ১৪ বছরের ছাত্রদের স্ট্যান্ডার্ড এসেসমেন্ট টেস্ট বা সেটস পরীক্ষা দিতে হয়। এটি সম্পূর্ণ নিষিদ্ধ করা উচিত। বর্তমান পরীক্ষা মূল্যায়ন পদ্ধতি পাল্টানোর পরামর্শও এতে দেয়া হয়েছে।

সমীক্ষাতে আরো বলা হয়েছে, শিক্ষকরা শিক্ষার্থীদের পাস করার জন্য শিক্ষা দেন। কিন্তু প্রকৃত কোনো শিক্ষা তারা ছাত্রদের দেন না। কখনো দেখা যায় স্কুলকে শীর্ষে নিয়ে যাওয়ার জন্য বা ফলের দিক থেকে সুনাম অর্জনের জন্য শিক্ষকরা ছাত্রদের অতিরিক্ত চাপ প্রয়োগ করেন। কখনো-বা ছাত্রদের প্রতারণাতেও শিক্ষকরা প্রণোদনা দেন।

কাউন্সিলের মেম্বার ভ্যানিসা র‍্যান বলেন, আমরা সমীক্ষার মাধ্যমে সরকারকে জানাতে চেয়েছি যে, সরকারের বর্তমান শিক্ষা ব্যবস্থা শিশু-কিশোরদের সহায়ক নয়। এ ব্যবস্থার মাধ্যমে ড্রপ আউটের সংখ্যা বাড়ছে।